কুষ্টিয়ায় ইউপি চেয়ারম্যান কারাগারে

কুষ্টিয়ায় ভিজিডির চাল আত্মসাতের অভিযোগে দৌলতপুরের রিফাইতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জামিরুল ইসলাম বাবুকে কারাগারে পাঠিয়েছে আদালত।

ভিজিডি চক্রে সচ্ছল ব্যক্তির নাম-পরিচয় ব্যবহার করে চাল উত্তোলন ও আত্মসাতের অভিযোগে ভুক্তভোগীর দায়ের করা মামলায় চেয়ারম্যান জামিরুল ইসলাম বাবুর জামিন নামঞ্জুর করে জেলহাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত।

মঙ্গলবার (২৪ নভেম্বর) দুপুরে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলি আদালতের বিচারক মো. এনামুল হক জামিন শুনানি শেষে এ আদেশ দেন।

আদালত সূত্রে জানা গেছে, রিফাইতপুর ইউনিয়ন পরিষদের ৯নং ওয়ার্ডের আবদুস সামাদের স্ত্রী রুবিনা খাতুনের নাম ব্যবহার করে ভিজিডি চাল উত্তোলন করে আসছিলেন ওই ইউনিয়নের চেয়ারম্যান জামিরুল ইসলাম বাবু। বিষয়টি জানাজানি হলে, আর্থিকভাবে সচ্ছল পরিবারটি সমালোচনার মুখে পড়েন। পরে ভুক্তভোগী রুবিনা খাতুনের ভাই রিফাইাতপুর গ্রামের মৃত. আবদুস সাত্তারের ছেলে মো. মুন্না বাদী হয়ে কুষ্টিয়ার আদালতে মামলা দায়ের করেন।

বাদীপক্ষের আইনজীবী অ্যাড. মনোয়ার হোসেন মুকুল জানিয়েছেন, অভিযুক্ত চেয়ারম্যান দীর্ঘদিন ধরে আমার মক্কেলের নামে সরকারের মহতি উদ্যোগ ভিজিডি কর্মসূচির চাল আত্মসাৎ করে আসছিলেন। ভুক্তভোগী পরিবার সচ্ছল হওয়ায় ভিজিডি কর্মসূচির তালিকায় তার নাম থাকায় সামাজিকভাবে হেয়প্রতিপন্ন হন। এ ঘটনায় মামলা করেন তারা।

আদালতে আসামির জামিনের জন্য আবেদন করা হয়। বিজ্ঞ আদালত শুনানি শেষে জামিন নামঞ্জুর করে অভিযুক্ত চেয়ারম্যানকে জেলহাজতে পাঠানোর নির্দেশ দেন।

অভিযোগ আছে রিফাইতপুর ইউনিয়ন পরিষদের ভিজিডির তালিকায় অনেক সচ্ছল ব্যক্তির নাম ব্যবহার করে ভিজিডি কর্মসূচির চাল উত্তোলন করে আসছেন পরিষদের চেয়ারম্যানসহ ওয়ার্ড সদস্যরাও।

জানা যায়, রুবিনা খাতুনের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) ব্যবহার করে তার (রুবিনা) নামে একটি ভিজিডি কার্ড তৈরি করেন ইউপি চেয়ারম্যান জামিরুল ইসলাম বাবু। ওই চেয়ারম্যান রুবিনার ভিজিডি কার্ডের বিপরীতে ২০১৯-২০ বরাদ্দ হওয়া সরকারি চাল নিয়মতি আত্মসাৎ করেন। কিন্তু রুবিনা এ ব্যাপারে কিছুই জানতেন না। সম্প্রতি বিষয়টি জানাজানি হলে, রুবিনা স্থানীয় মহিলাবিষয়ক কর্মকর্তার কার্যালয়ে গিয়ে জানতে পারেন, তার নামে ২০১৯-২০ অর্থবছরের ভিজিডি কার্ড রয়েছে। সেই কার্ডে নিয়মিত চাল উত্তোলন হয়ে আসছে। তার কার্ড নম্বর ৫১।

স্বপ্নের পদ্মা সেতু আর স্বপ্ন নয় এখন বাস্তব

স্বপ্নের পদ্মা সেতু আর স্বপ্ন নয় এখন বাস্তব। এক সময়ের স্বপ্নের সেতু এখন দৃষ্টিসীমায় দিগন্তজুড়ে দাঁড়িয়ে। পদ্মার তীর থেকে দেখা যাচ্ছে পিলারের দীর্ঘ সারি। তার উপর একে একে বসানো হচ্ছে ইস্পাতের কাঠামো (স্প্যান)। সর্বশেষ বসানো হয়েছে ৩৮তম ওয়ান-এ স্প্যান। এর মধ্য দিয়ে দৃশ্যমান হলো সেতুর ৫ হাজার ৭০০ মিটার। বাকি আছে আর তিনটি স্প্যান। সেগুলো বসলেই ছুঁয়ে দেখা যাবে বহুল কাঙ্ক্ষিত সেতু।

সবকিছু ঠিক থাকলে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর বছর ২০২১ সালের জুনে উদ্বোধন হচ্ছে স্বপ্নের সৌধ। উদ্বোধনের পর থেকেই শুরু হবে স্বপ্নকে ছাড়িয়ে যাওয়ার প্রতিযোগিতা। সময়কে উপেক্ষা করে সেতু দিয়ে ছুটবে বাস, ট্রাক, ট্রেন সব। সেতুটি চালু হলে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সঙ্গে রাজধানীর যোগাযোগ ব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তন আসবে। এতে মোট দেশজ উৎপাদন প্রবৃদ্ধি (জিডিপি) ১ থেকে দেড় শতাংশ বাড়বে।

দারিদ্র্যের হার কমবে দশমিক ৮৪ শতাংশ। নতুন করে গড়ে উঠবে ভারি শিল্প কারখানা। আর এরই অপেক্ষায় যেন বাংলাদেশ। পদ্মা সেতু শুধু রড, সিমেন্ট ও পাথরের সেতু নয়, এর সঙ্গে জড়িয়ে আছে ১৬ কোটি

মানুষের আবেগ। চ্যালেঞ্জকে জয় করার অদম্য স্পৃহা এবং আগামীতে দেশের অর্থনীতিতে অপার সম্ভাবনার হাতছানি। ২০১২ সালে বিশ্বব্যাংক অর্থায়নের সিদ্ধান্ত বাতিল করার পর সরে যায় আর্ন্তজাতিক আরও তিনটি সংস্থা-এশীয় উন্নয়ন ব্যাংক, জাপান ইন্টারন্যাশনাল কো- অপারেশন এজেন্সি এবং ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক।

এতে পদ্মার আকাশে দেখা দেয় কালো মেঘের ঘনঘটা। ওই সময়ে প্রকল্পটির ব্যয় ছিল প্রায় ২১ হাজার কোটি টাকা। যা ওই বছরের মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচির ৫০ শতাংশ।

পদ্মাপাড়ে চলছে বিশাল কর্মযজ্ঞ। ঝড়-বৃষ্টি আর প্রবল স্রোতের সঙ্গে পাল্লা দিয়ে দ্রুত এগিয়ে চলছে পদ্মা সেতুর কাজ। মেগা প্রকল্প পদ্মা বহুমুখী সেতুর নানামুখী কাজ হচ্ছে। এর উভয় পাড়ে সংযোগসড়ক ও টোল প্লাজার কাজ শেষ। দেশের প্রথম প্রবেশ-নিয়ন্ত্রিত সিক্স লেন এক্সপ্রেসওয়ে ইতোমধ্যে চালু হয়েছে। চলছে নদীশাসন, ড্রেজিংসহ বিভিন্ন স্থানে স্লপিংয়ের কাজ। দিনরাত অবিশ্রান্ত চলছে বিশাল এ কর্মযজ্ঞ। কোটি মানুষের স্বপ্ন বাস্তবায়নে জননেত্রী শেখ হাসিনার নির্দেশনায় এই কর্মযজ্ঞ অব্যাহত রয়েছে।

তিনবছর আগে শরীয়তপুরের জাজিরা প্রান্ত থেকে পদ্মাসেতুর স্প্যান যুক্ত হওয়া শুরু হয়েছিল, তা এখন শেষ পর্যায়ে। প্রায় সাড়ে ৫ কিলোমিটার পাড়ি দিয়ে পদ্মা সেতুর স্প্যান কাঠামো পৌঁছে গেল মুন্সীগঞ্জের মাওয়া প্রান্তে। সেতুর ৩৮তম স্প্যান গত ২১ নভেম্বর দুপুরে যোগ হয়েছে। এদিন দুপুর ২টা ৩৫ মিনিটে পদ্মাসেতুর ১ ও ২ নং পিয়ারে ৩৮তম স্প্যান স্প্যান ‘ওয়ান-এ’, বসানো হয়েছে। এতে দৃশ্যমান হতে চলেছে সেতুর ৫ হাজার ৭ মিটার অংশ। পদ্মা সেতুর নির্বাহী প্রকৌশলী (মূল সেতু) দেওয়ান মো. আব্দুল কাদের এ তথ্য জানান।

তিনি জানান, স্প্যানটি ১৬ নভেম্বর বসানোর পূর্ব সিডিউল ছিল। তবে নির্ধারিত পিয়ার দুটির একটি ডাঙায় অপরটি নদীতে থাকায় ড্রেজিং করে পিয়ার দুটির মাঝের স্থানটি স্প্যানবাহী ভাসমান ক্রেন চলাচলের উপযোগী করতে হয়। এরপর কারিগরি অন্যান্য বিষয় প্রস্তুত করতে আরও কয়েকদিন সময় লেগে যায়।

গত শনিবার (২১ নভেম্বর) সকাল ৯টায় কুমারভোগ কনস্ট্রাকশন ইয়ার্ড থেকে ভাসমান ক্রেন তিয়াইন-ই ১৫০ মিটার দৈর্ঘ্যের ৩৭তম স্প্যানটি

নিয়ে নির্ধারিত পিয়ারে উদ্দেশে রওনা দেয়। পরবর্তী প্রক্রিয়া শেষে বেলা ২টা ৩৫ মিনিটে স্প্যানটি বসানো সম্পন্ন হয়।

আর বাকি রইল তিনটি স্প্যান। বর্তমান মাসেই ১০ ও ১১ নং পিয়ারে ৩৯তম স্প্যান ‘২-ডি’ বসানোর পরিকল্পনা রয়েছে। আর ডিসেম্বর মাসে ১১ ও ১২ নং পিয়ারে ৪০তম স্প্যান ‘২-ই’ ও ১২ ও ১৩ নম্বর পিয়ারে ৪১তম স্প্যান স্প্যান ‘২-এফ’ বসানোর পরিকল্পনা রয়েছে।

২০১৪ সালের ডিসেম্বরে পদ্মা সেতুর নির্মাণকাজ শুরু হয়। ২০১৭ সালের ৩০ সেপ্টেম্বর ৩৭ ও ৩৮ নম্বর খুঁটিতে প্রথম স্প্যান বসানোর মধ্য দিয়ে দৃশ্যমান হয় পদ্মা সেতু। এরপর একে একে বসানো হলো ৩৮টি স্প্যান।

মূল সেতুর দৈর্ঘ্য ৬ দশমিক ১৫ কিলোমিটার। দুই পাড়ে সংযোগ সড়কের সঙ্গে যুক্ত হওয়া অংশ মিলিয়ে প্রায় সাড়ে ৯ কিলোমিটার লম্বা পদ্মাসেতু। ১৫ ডিসেম্বরের দিকে পদ্মা সেতুর সর্বশেষ স্প্যানটি বসিয়ে দেওয়া হবে।

এরপর পদ্মা সেতুর কাজ বাকি থাকবে শুধু সড়কপথ আর তার নিচে রেলপথ টানা। যা এরই মধ্যে শরীয়তপুরের জাজিরা প্রান্ত থেকে শুরু হয়ে প্রায় দুই কিলোমিটার পাড়ি দিয়েছে।

এদিকে নদীর ভাঙন বা অন্য কোনো কারণে সেতুর কোনো কাজ থেমে নেই বলে নিশ্চিত করেছেন পদ্মা সেতুর নির্বাহী প্রকৌশলী। তিনি জানান, স্প্যান বসানোর জন্য নদীতে পানির স্তর থাকতে হবে ৪ দশমিক ৮০ মিটার। বর্তমানে আছে ৬ দশমিক ১৭ মিটার। স্প্যান বসাতে হলে ক্রেনকে পিলারের কাছে বসাতে হবে। পদ্মায় প্রবল ভাঙন থাকলেও সেতুর প্রকল্প এলাকায় ভাঙনের ভয় নেই বলে জানিয়েছেন নিয়োজিত কনসালটেশন ফার্ম কোরিয়ান এক্সপ্রেসওয়ে করপোরেশন (কেইসি)-এর প্রতিনিধি।

এদিকে এ সেতুকে ঘিরে পাশেই মুন্সীগঞ্জের লৌহজং উপজেলার যশলদিয়ায় স্থাপন করা হয়েছে ‘পদ্মা’ পানি শোধনাগার। পানি শোধনাগার জাতির জন্য একটি বড় অর্জন। এ প্রকল্পের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এখান থেকে প্রতিদিন ঢাকায় ৪৫ কোটি লিটার পানি সরবরাহ করা সম্ভব হবে।

পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের আওতায় গড়ে উঠেছে একটি প্রাণী জাদুঘর। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীনে জীববৈচিত্র্য সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে মুন্সীগঞ্জের শ্রীনগরের দোগাছী পদ্মা

সেতু সার্ভিস এরিয়া-১-এ চলছে প্রাণী ও প্রাকৃতিক সম্পদের নমুনা সংগ্রহ। দেশি-বিদেশি দর্শনার্থীদের জন্য সারা দেশ থেকে প্রাণী জাদুঘরে নমুনা সংগ্রহের কাজ চলছে। এ পর্যন্ত ২ হাজার ২২২টি প্রাণীর নমুনা সংগ্রহ করা হয়েছে।
এ ছাড়া পদ্মা সেতুর জন্য অধিগ্রহণ করা অতিরিক্ত জায়গায় দুধ ও মাংস উৎপাদনে গবাদি পশুর প্রজনন ও জাত উন্নয়ন মিলিটারি ফার্ম প্রতিষ্ঠা করা হচ্ছে।

সেনাবাহিনীর তত্ত্বাবধানে এ ফার্ম পরিচালিত হবে। এ কাজের জন্য সেনাবাহিনীকে ২ হাজার ১৫৬ একর জমি দেওয়া হয়েছে। প্রতিষ্ঠা করা হচ্ছে জাজিরা প্রান্তে। এটা প্রতিষ্ঠিত হলে দেশের জিডিপি বৃদ্ধিতে সহায়ক হবে। অপ্রয়োজনীয় জমি পতিত না রেখে দেশের আর্থ-সামাজিক ও আর্থিক সম্ভাবনার জন্য এ জমিতে আধুনিক উন্নতমানের ফার্ম গড়ে তোলা হবে। এখানে গড়ে উঠবে হংকং সিটির মতো শহর। যেখানে থাকবে আন্তর্জাতিক মানের স্টেডিয়াম, পার্ক, জাদুঘর, আধুনিক শহরের সব রকম সুবিধা।

পদ্মা সেতুর বিষয়ে মুন্সীগঞ্জ-৩ আসনের এমপি আওয়ামী লীগের মুক্তিযুদ্ধবিষয়ক সম্পাদক অ্যাডভোকেট মৃণালকান্তি দাস বলেন, ‘দেশ এখন উন্নয়নের মহাসড়কে। তার প্রমাণ পদ্মা সেতুর প্রায় ৫ কিলোমিটার দৃশ্যমান হওয়া এবং এক্সপ্রেসওয়ে চালু। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার দেশকে উন্নয়নের মহাসড়কে পৌঁছে দিয়েছে।’

মুন্সীগঞ্জ-২ আসনের এমপি সাবেক হুইপ অধ্যাপিকা সাগুফতা ইয়াসমিন এমিলি বলেন, ‘দেশবাসীর স্বপ্নের এ সেতুর কাজ নিজস্ব অর্থায়নে করা হচ্ছে। জাতির জনকের কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ়তা ও বুদ্ধিমত্তার কারণে নিজস্ব অর্থায়নে পদ্মা সেতুর কাজ হাতে নেওয়া সম্ভব হয়েছে। এটি দেশবাসীর প্রাণের সেতু, যা শেখ হাসিনা নির্মাণ করে আরও একটি ইতিহাস গড়তে যাচ্ছেন।’

জেলা প্রশাসক মো. মনিরুজ্জামান তালুকদার বলেন, ‘পদ্মা সেতু নির্মাণকাজে জেলা প্রশাসনের সব সময় সজাগ দৃষ্টি রয়েছে। এর নির্মাণকাজ শেষ হলে দেশে প্রবৃদ্ধির হার বাড়বে। এটি বাস্তবায়নে মুন্সীগঞ্জ জেলা আরও উন্নত হবে, জীবনমান পাল্টে যাবে। এ ছাড়া দেশের দক্ষিণাঞ্চলের ২১ জেলার সঙ্গে ঢাকাসহ সারা দেশের যোগাযোগ উন্নত হবে। উন্মোচিত হবে নতুন দিগন্ত। দক্ষিণাঞ্চলে গড়ে উঠবে নতুন নতুন কলকারখানা। দেশের অর্থনীতির চাকা আরও জোরে ঘুরবে। দেশ এগিয়ে যাবে উন্নত বিশ্বের সঙ্গে পাল্লা দিয়ে।’ ২০১৫ সালের ১২

ডিসেম্বর মুন্সীগঞ্জের মাওয়া প্রান্তে মূল কাজের শুভ সূচনা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেই শুরু পদ্মা সেতুর আনুষ্ঠানিক পথচলা। এরপর ২০১৭ সালের ৩০ সেপ্টেম্বর ৩৭ ও ৩৮ নম্বর পিলারে সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের উপস্থিতিতে ১৫০ মিটারের প্রথম স্প্যানটি স্থাপনের মধ্য দিয়ে শুরু হয় এই স্বপ্ন পূরণের পালা।

২০২১ সালের ডিসেম্বরে খুলবে বাংলাদেশের স্বাধীনতার পর সবচেয়ে বড় কোনো নির্মাণ অবকাঠামো এবং সমসাময়িক বিশ্বের সবচেয়ে বড় সেতু এটি। পদ্মাসেতু চালু হলে প্রমত্তা নদীর ওপর গাড়ি চলতে দেখা যাবে। ফলে নাগালের বাইরে চলে যায় পদ্মা সেতু বাস্তবায়নের স্বপ্ন। পরের ইতিহাস সবার জানা। সব বাধা উপেক্ষা করে শেষ পর্যন্ত নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের দুঃসাহসিক চ্যালেঞ্জ নেয় আওয়ামী লীগ সরকার।

এতেই কেটে যায় কালো মেঘ, দিগন্ত আলোকিত করে হেসে উঠে সূর্য। সেতু নির্মাণের কর্মযজ্ঞের মধ্যদিয়ে শুরু হয় স্বপ্নের বীজ বোনা। আর সেই স্বপ্ন আজ বাস্তবে ধরা দিচ্ছে। শুধু সময়ের অপেক্ষা।

গাংনীতে উপ-নির্বাচনে বিজয়ী ইউপি সদস্যের শপথ গ্রহণ

গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের উপ-নির্বাচনে ২ নং ওয়ার্ডের নবনির্বাচিত ইউপি সদস্য মফিজুল ইসলাম শপথ গ্রহণ করেছেন।

গতকাল সোমবার বেলা ১১ টার দিকে ইউএনও’র সভাকক্ষে এ শপথ বাক্য পাঠ করানো হয়। গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ শপথ বাক্য পাঠ করান। পরে ওয়ার্ড বাসীদের মাঝে মিষ্টি বিতরণ করা হয়।

এ সময় মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন তাকে অভিনন্দন জানিয়ে ওয়ার্ড বাসীর আশা-আকাঙ্খা পূরণে কাজ করার আহবান জানান ।

এ সময় উপস্থিত ছিলেন, ধানখোলা ইউনিয়নের চেয়ারম্যান আখেরুজামান, ইউপি কামরুল হাসানসহ বিভিন্ন আওয়ামী লীগের নেতৃবৃন্দ।

শপথ গ্রহণ শেষে নবনির্বাচিত ইউপি সদস্য মফিজুল ইসলাম সাংবাদিকদের জানান, ভোটে প্রতিযোগিতা থাকবে কিন্তু সেই প্রতিযোগিতা যেন প্রতিহিংসায় রূপ না নেয়।

আমি উপজেলা আওয়ামী লীগের শ্রম বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করছি দীর্ঘদিন ধরে। ভোট শেষ হতেই আমি সকলকে একটি শান্তির বার্তা দিয়েছি। ভোটের যে প্রতিযোগিতা হয়েছে সেটা শেষ, ফলে আমাদের এলাকায় শান্তি শৃংখলা বজায় রাখতে কোন হানাহানি বা মারামারির দরকার নেই।

কিন্তু এখনও এক শ্রেণির মানুষ এলাকায় অশান্তি সৃষ্টির লক্ষ্যে নানা রকম ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। আমি আমার ওয়ার্ডের সকল নেতাকর্মীদের সাথে মিলে-মিশে থাকতে চাই। আপনাদের সকলের জনপ্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করতে চাই। আপনারা আমাকে সুযোগ করে দিন। আমার ভুলত্রুটি হলে আমাকে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন।

গাংনীতে মহিলা সমাবেশে এমপি খোকন

গাংনীতে জেলা তথ্য অফিসের আয়োজনে পাকুড়ীয়া কমিউনিটি কোর গ্রুপ এর লার্নিং সেন্টার চত্বরে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেলে অনুষ্ঠিত এ সমাবেশে উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ধানখোলা ইউনিয়নের চেয়ারম্যান আখেরুজামান, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি, উপজেলা স্বেছাসেবক লীগের আহ্বায়ক আবুল বাশার, ২ নং ওয়ার্ডের ইউপি সদস্য

মফিজুল ইসলাম, ৩নং ওয়ার্ড ইউপি সদস্য আনোয়ার হোসেন।

মোহাম্মদ সাহিদুজামান খোকন বলেন, নারী-পুরুষ বলে নিজেরা বিভেদ তৈরী না করে আমরা সকলেই মানুষ হই। নারী অধিকার বা পুরুষ অধিকারের কথা না বলে সবাই আমরা একযোগে দেশের উন্নয়নে কাজ করি। সমাজের অবহেলিত মানুষের জন্য কাজ করি। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে বিশেষ ১০ টি উদ্যোগ গ্রহণ করেছেন সে গুলো বাস্তবায়নে কাজ করি। আপনারা নিজ নিজ জায়গা থেকে সরকারের নেওয়া সকল উদ্যোগকে সফল করতে সহযোগিতা করবেন।

৩ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আশরাফুল ইসলামের পরিচালনায় সমাবেশে আরো উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু, কলেজ ছাত্রলীগের সভাপতি মাহমুদ হাসিব, ছাত্রলীগের নেতা ওয়াজ্জেল হোসেন, যুবলীগের নেতা মুক্তারুল ইসলামসহ এলাকার বিভিন্ন শ্রেণিপেশার মানুষ।

গাংনীতে স্বাস্থ্য সহায়তা সরঞ্জাম বিতরণ

সবাই মিলে শপথ করি, করোনা ভাইরাস সহনশীল গ্রাম গড়ি এ প্রতিপাদ্যে সুস্বাস্থ্য ও মানসম্মত সেবা নিশ্চিত করণে মেহেরপুরের গাংনী উপজেলার ৮ টি ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র ও ৩৫টি কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য সরঞ্জাম বিতরণ করা হয়েছে।

দি হাঙ্গার প্রজেক্টের আয়োজনে এ বিতরণী অনুষ্ঠানে জাতীয় কন্যা- শিশু এ্যাডভোকেসি ফোরামের সভাপতি সিরাজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন|

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলম, শিক্ষক নেতা মনিরুজামান মনি ও হাঙ্গার প্রজেক্টের উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দীন।

গাংনীতে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ

মেহেরপুরের গাংনীতে কৃষি পুনর্বাসনের আওতায় রবি মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়।

গতকাল সোমবার দুপুরে গাংনী উপজেলা সম্মেলন কক্ষে এ বিতরণী অনুষ্ঠান উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক।

কৃষি অফিসার কে এম শাহাবুদ্দিন’র স্বাগত বক্তব্য শেষে প্রধান অতিথি মোহাম্মদ সাহিদুজামান খোকন বলেন, সরকার সার বিক্রিতে ভর্তুকী দিচ্ছে। কিন্তু তারপরেও সারের দাম বেশি নিচ্ছে ডিলাররা। ব্যবসায়ীরা সরকারের টাকাও নিচ্ছে আবার কৃষকের টাকাও নিচ্ছে। দ্রুত এ সমস্যার সমাধান করতে উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশনাও দেন তিনি।

উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ রাসেল রানার পরিচালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, গাংনী মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম ও উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজামান মনি প্রমুখ।

অনুষ্ঠানে সরিষা, ভুট্টা, বোরো ধান, গম, মুগ ও পেঁয়াজ চাষের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৪ হাজার ৯শ ১০ জন কৃষকের মাঝে এসব কৃষি সামগ্রী বিতরণ করা হয় ।

আলমডাঙ্গায় তালাকপ্রাপ্তা স্ত্রীর নগ্ন ছবি প্রকাশে সাবেক স্বামী আটক

তালাকপ্রাপ্তা স্ত্রীর নগ্ন ছবি ফেসবুকে ভাইরাল করার অভিযোগে পুলিশের হাতে আটক হয়েছে ইবির পাটিকাবাড়ির রুস্তম নামের এক বখাটে।

জানা গেছে, গত মার্চ মাসের ২০ তারিখে কুষ্টিয়ার ইবির সাবেক সদস্য নজরুল ইসলামের ছেলে রুস্তম আলীর সাথে আলমডাঙ্গার রেল জগন্নাথপুর গ্রামের আব্দুল হান্নানের মেয়ে রিয়া মনির সাথে বিয়ে হয়। কিন্ত স্বামী রুস্তম আলী নেশাসক্ত হওয়ায় অক্টোবরের ১ তারিখে তাদের তালাক হয়ে যায়।

আব্দুল হান্নান জানান, রুস্তম তার মেয়ের নামে ফেসবুকে একটা ফেক আইডি খুলে বিয়ের পরবর্তী সময়ের কিছু নগ্ন ছবি তাতে একটা একটা করে পোস্ট দিতে থাকে। গতকাল সোমবারেও একটা ছবি পোস্ট দেয় রুস্তম আলী।

এরপর প্রতিবেশীদের পরামর্শে তিনি আলমডাঙ্গা থানায় এসে রুস্তমের নামে অভিযোগ দায়ের করেন। পুলিশ পাটিকাবাড়ি গ্রামে অভিযান চালিয়ে রুস্তমকে আটক করে থানায় নিয়ে আসে। তবে যে মোবাইলে ফেক আইডি খোলা হয়েছে সেই মোবাইল পুলিশ এখনও উদ্ধার করতে পারেনি। অভিযুক্ত রুস্তম আলী তার বিরুদ্ধে আনা অভিযোগ স্বীকার করেছে।

এসআই সুলতানুল ইসলাম জানান, অভিযুক্ত রুস্তম আলীকে আটক করা হয়েছে। ডিজিটাল নিরাপত্তা আইনে তার বিরুদ্ধে মামলার প্রক্রিয়া চলছে।

জীবননগরে ক্লিন-গ্রিন মডেল

হসপিটাল কর্মসূচির উদ্বোধন

জীবননগরে স্বেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে তালহা ফাউন্ডেশন এবং এবলুম বাংলার সহযোগিতায় ক্লিন-গ্রিন মডেল হসপিটাল কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০ টার সময় জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ কর্মসূচির উদ্বোধন করা হয়। জীবননগর শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এ কর্মসূচির উদ্বোধন করেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা ডাঃ জুলিয়েট পারউইন।

এ সময় হাসপাতালের আগাছা পরিষ্কার ও হাসপাতালে বৈদ্যুতিক ব্যবস্থা করা হয়। সাধারণ মানুষকে সচেতন করার জন্য হাসপাতালের বিভিন্ন স্থানে স্টিকার লাগানো, হাসপাতালের সৌন্দর্য বৃদ্ধি করার জন্য ফুলের বাগান এবং হাসপাতালের মধ্যে পরিত্যাক্ত জমিতে ফলজ,বনজ গাছের চারা রোপণসহ পাখিদের নিরাপদ বাসস্থানের ব্যবস্থা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের (আরএমও) ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু, ডাঃ আফিন্দা রাজ্জাক, শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান , সদস্য হোসেন মিয়াসহ শিকড় সমাজ কল্যাণ সংস্থা জীবননগর উপজেলা শাখার সাধারণ সম্পাদক লাবনী খাতুন, সদস্য এ আর ডাবলু, মফিজুল ইসলাম, ঐশ্বর্য সাহা, রিয়াজ, রমজান, ওমর ফারুক, জাহিদ, মিম, সাদিয়া, শাকিল হোসেন, নিশান প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান।

জীবননগরে দৈনিক সময়ের সমীকরণের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

জীবননগরে দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ৫ম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। গতকাল সোমবার বিকাল সাড়ে ৪ টার সময় জীবননগর প্রেস ক্লাবে প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কেটে অনুষ্ঠানের শুভারম্ভ হয়।

অনুষ্ঠানে সময়ের সমীকরণ পত্রিকার জীবননগর অফিস প্রধান জি এ জাহিদুল ইসলাম বাবুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ।

এছাড়াও উপস্থিত ছিলেন সাংবাদিক মাজেদুল ইসলাম মিল্টন, এ আর ডাবলু, রাসেল হোসেন মুন্না, মফিজুল ইসলাম, রমজান হোসেন, শাকিল হোসেন, আহম্মেদ সগীর প্রমুখ ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার জীবননগর অফিসের সহকারী ব্যুরো মিঠুন মাহমুদ ।

হাসাদাহে দৈনিক সময়ের সমীকরণের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক সময়ের সমীকরণের ৬ষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। গতকাল সোমবার বিকালে হাসাদাহ প্রেস ক্লাবে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে হাসাদাহ প্রেস ক্লাবের সভাপতি ডি এম মতিয়ার রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রেস ক্লাবের উপদেষ্টা মিজানুর রহমান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাজী

কুতুব উদ্দীন।

এছাড়াও উপস্থিত ছিলেন শ্রী নিতাই সেন, এস কে মানিক, প্রেস ক্লাবের সহ-সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, সাংগঠনিক সম্পাদক মুন্সী কবির হোসেন, প্রচার ও দপ্তর সম্পাদক আল আমিন, নির্বাহী সদস্য কবির আহম্মদ, লিমন হুসাইন প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সময়ের সমীকরণের হাসাদাহ প্রতিনিধি বদরুজ্জামান শ্যামল।